



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

বিদ্যাসাগরের জন্মভিটে বীরসিংহ
গ্রাম কে আদর্শ গন্তব্যস্থল হিসেবে
গড়ে তোলা হবে বলে জানালেন
মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,পশ্চিম মেদিনীপুর ,৩০ সেপ্টেম্বর : আজ পশ্চিম মেদিনীপুরের ঘাটালের বীরসিংহ গ্রামে পশ্চিম মেদিনীপুরের বিদ্যাসাগর মহাশয়ের ২০৭ তম জন্মবার্ষিকী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিদ্যাসাগরের জন্ম দিবস পালন উপলক্ষে আজকের সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকেই তিনি বলেন ,“পশ্চিম মেদিনীপুরের বিদ্যাসাগর মহাশয়ের জন্ম ভিটে ঘাটালের বীরসিংহ গ্রাম কে আদর্শ গন্তব্যস্থল হিসেবে গড়ে তুলতে চায় রাজ্য সরকার। এইজন্য বীর সিংহ গ্রামের বিভিন্ন রাস্তাঘাট চওড়া করা ,সেখানে রাত্রি যাপনের ব্যবস্থা ,গ্রন্থাগারের সম্প্রসারণ এবং মিউজিয়াম তৈরি করবে রাজ্য সরকার।” এছাড়াও এই গ্রামে বড় বড় পুকুরের সংস্কার, নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন ,নতুন রাস্তা ,মার্কেট কমপ্লেক্স ও ভগবতী বিদ্যালয় নির্মাণ করা হবে বলে তিনি জানান। বীরসিংহ গ্রামের সার্বিক উন্নয়নের জন্য তিনি রাজ্য সরকারি তহবিল থেকে বারোশো কোটি টাকা মঞ্জুর করেন। ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার ৫০ শতাংশ করে অর্থ বরাদ্দ করবে বলেও তিনি উল্লেখ করেন।

পাহাড়ের পথটনের উন্নতি ও প্রসারের
লক্ষ্যে জিটিএ প্রতিনিধিদের নিয়ে বৈঠক
করলেন পথটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩০ সেপ্টেম্বর : দার্জিলিং ,কালিম্পং ,কাশিয়াং মিরিক,মংপু সহ পাহাড়ের বিভিন্ন এলাকায় পথটনকে আরও উন্নত করে পথটন আকর্ষণের কেন্দ্রবিন্দু হিসাবে গড়ে তোলার লক্ষ্যে বুধবার শিলিগুড়িতে স্টেট গেস্ট হাউসে এক গুরুত্বপূর্ণ বৈঠক করলেন রাজ্যের পথটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত ছিলেন রাজ্যের স্বরাষ্ট্র,পার্বত্য বিষয়ক ও সংখ্যালঘু ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের প্রতিমন্ত্রী বিশাল লামা ,কাশিয়াং এর বিধায়ক সোনম লামা ,জিটিএ প্রতিনিধিগণ। পথটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান পাহাড়ের বিভিন্ন পথটন কেন্দ্রের উন্নয়ন ,পথটনদের জন্য আরও ভালো পরিষেবা ,নতুন পথটন সম্ভাবনার বিষয়গুলি নিয়ে এদিনের বৈঠকে আলোচনা হয়েছে। পাহাড়ের পথটনকে আরও এগিয়ে নিয়ে গিয়ে স্থানীয় মানুষের কর্মসংস্থান এবং অর্থনৈতিক উন্নয়নের সুযোগ সৃষ্টি করাই রাজ্য সরকার সহ পথটন দপ্তরের প্রধান লক্ষ্য বলেও জানান পথটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



আলিপুরদুয়ার সার্কিট হাউসে বৈঠক করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ সেপ্টেম্বর : আগামী ২ অক্টোবর বজ্রার জঙ্গলে বাধিনী ছাড়া হবে ইতিমধ্যে আজ বিহারের বাল্মীকি জঙ্গল থেকে একটা বাধিনিকে বজ্রায় আনা হয়েছে। আগামী ২ অক্টোবর বজ্রায় আসবে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব এদিন একথা জানান বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও। এদিন আলিপুরদুয়ার সার্কিট হাউসে এই বিষয়ে একটি প্রশাসনিক বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বনমন্ত্রী ,আলিপুরদুয়ার এর জেলাশাসক , পুলিশ সুপার সহ প্রশাসনের একাধিক আধিকারিক ও বনদফতরের আধিকারিকরা। পূর্বের তৃণমূল সরকার বনমন্ত্রী বজ্রায় বাঘ আনা কথা বলেছিলেন কিন্তু বজ্রায় বাঘ আসেনি কিন্তু বর্তমান সরকার আসার পর বজ্রায় বাঘ আনার উদ্যোগ নেয় এবং ইতিমধ্যে বাঘ চলে এসেছে। পূর্বের সরকারে বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক বলেছিল বজ্রা জঙ্গলে বিভিন্ন প্রজাতির এগারোটা বাঘ আছে এই বিষয়ে বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও জানান বেশ কয়েক বছরে বজ্রায় কোনো বাঘ নেই শুধুমাত্র একটি পরিযায়ী বাঘ বাইরে থেকে বজ্রার জঙ্গলে আসতো। আগামী ২ রা অক্টোবর আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বজ্রায় টাইগার রি ইন্ট্রোডাকশন নিয়ে এই অনুষ্ঠানটি হবে। অনুষ্ঠানের কেন্দ্রীয় বনমন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন। সেদিন এই প্রকৃতিতে ছেড়ে দেওয়া হবে বাধিনীটিকে। তবে ২৫ মাইল নাকি অন্য কোন রুটের জঙ্গলে বাধিনীটিকে ছাড়া হবে তা নিয়ে এখনই মুখ খুলতে চাইছে না বনদপ্তর। বনমন্ত্রী এবং জেলা প্রশাসনের আধিকারিকরা এদিন আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ড পরিদর্শন করেন। বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও জানান ,“দীর্ঘ প্রতীক্ষার পর বাধিনীটিকে নিয়ে আসতে আমরা সফল হয়েছি। বর্তমানে সেটিকে ইনক্লজারে রাখা হয়েছে। তার স্বাস্থ্য পরীক্ষা নিয়মিত হবে। রেডিও কলার পড়ানো রয়েছে। মনিটরিং সব সময় হবে। জঙ্গল সংলগ্ন গ্রামবাসীদের কোনো ভয় নেই। বনকর্মীরা সব সময় নজরে রাখবে বাধিনীটিকে।”

কোচবিহারে উদ্ধার তিন হাজার ছয়শ বোতল নিষিদ্ধ কফ সিরাপ ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৩০ সেপ্টেম্বর : গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ বুধবার থানা এলাকার ঘুঘুমারির কদমতলায় একটি ট্রাক থেকে উদ্ধার করে নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল। উদ্ধার করা তিন হাজার ছয়শ বোতল নিষিদ্ধ কফ সিরাপ এর বাজার মূল্য আনুমানিক এগারো লক্ষ টাকা বলে জানিয়েছে পুলিশ। ট্রাকে থাকা তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ এই কারবারে কারা জড়িত তা খতিয়ে দেখছে পুলিশ। জানা গেছে কোচবিহার জেলায় মাদক কারবারের বিরুদ্ধে লাগাতার অভিযান চালিয়ে যাচ্ছে পুলিশ। আগামী দিনেও এই অভিযান জারী থাকবে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়াটি সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে ও তাদের আদালতে পেশ করা হয়েছে।

বারবিশায় মহিষ উদ্ধার নিয়ে শুভেন্দু অধিকারীর ধন্যবাদ জ্ঞাপন আলিপুরদুয়ার পুলিশকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ সেপ্টেম্বর : ২৭ নম্বর জাতীয় সড়ক দিয়ে লাগাতার ভাবে মহিষ এবং গরু পাচারের ঘটনা ঘটছে। প্রতিনিয়ত অভিযান চালাচ্ছে আলিপুরদুয়ার জেলা পুলিশের শামুকতলা রোড ফাঁড়ি পুলিশ কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ এবং বারবিশা ফাঁড়ির পুলিশ। লাগাতার ভাবে অভিযানের ফলে প্রচুর সংখ্যক মহিষ উদ্ধার করতে সমর্থ হয়েছে পুলিশ। বুধবার পঞ্চাশটি মহিষ সহ একটি গাড়ি আটক করেছে বারবিশা ফাঁড়ির পুলিশ। গ্রেফতার করা হয়েছে চালক এবং সহকারী চালককে। পঞ্চাশটি মহিষ উদ্ধার হওয়ার পরেই রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, কুমারগ্রাম থানার পুলিশসহ আলিপুরদুয়ার জেলা পুলিশকে ভালো কাজ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেছেন টুইটারে। আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা পুলিশ আউটপোস্টের পুলিশের একটি দল গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার সাতাশ নম্বর জাতীয় সড়কে রায়ডাক সেতুর আগে নাকা চেকপোস্টে একটি দশ চাকার কন্টেইনার ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে কন্টেইনার ট্রাক থেকে উদ্ধার হয় পঞ্চাশটি মহিষ। চালক ও তার সহকারী মহিষ পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাদের গ্রেপ্তার করা হয় ও কন্টেইনার ট্রাকটিকে বাজেয়াপ্ত করে মহিষগুলিকে একটি খামাড়ে নিয়ে গিয়ে রাখা হয়। চালকের নাম সাগির আহমেদ (৩২), উত্তরপ্রদেশের বাসিন্দা, সহকারী চালক আব্দুল কাদির (১৯), বিহারের বাসিন্দা। পুলিশের অনুমান মহিষগুলিকে অসমে পাচারের ছক কষেছিলো পাচারকারীরা। ধৃতদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

মুখ্যমন্ত্রীর সফরের আগেই আলিপুরদুয়ারে শুট আউটের ঘটনা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ সেপ্টেম্বর : মুখ্যমন্ত্রীর আলিপুরদুয়ার সফরের ২৪ ঘন্টা আগেই শুট আউট এর ঘটনা ঘটলো আলিপুরদুয়ার জেলা শহরের বীরপাড়া তে। ঘটনায় ব্যাপক চাকল্য ছড়িয়েছে এলাকায়। জানা গেছে প্রসেনজিৎ সরকার নামে এক জুয়েলারি দোকানের মালিক তার মায়ের সাথে বাড়ি যাচ্ছিলেন বুধবার রাতে দোকান বন্ধ করে। বাড়ি যাবার সময় প্রসেনজিতের হাতে থাকা ব্যাগে সোনার গহনা এবং দোকানের যাবতীয় হিসেব পত্র ছিনিয়ে নেওয়ার চেষ্টা করি দুটি ভাইকে আসা পাঁচজন দুষ্কৃতী। ব্যাগ নিতে বাধা দেওয়ায় প্রসেনজিৎ এর মা উষা সরকারকে তিন রাউন্ড গুলি করে তার পায়ে। যদি ও দুষ্কৃতীরা ব্যাগ নিয়ে পালিয়ে যায়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন তিন রাউন্ড গুলি হয়েছে। উষা সরকারকে আলিপুরদুয়ার জেলা হাসপাতাল থেকে শিলিগুড়ি মেডিকেল কলেজের স্থানান্তরিত করা হয়েছে। প্রসেনজিতের শাশুড়ি মা অনিতা বিশ্বাস জানিয়েছেন দুষ্কৃতিদের শনাক্ত করে গ্রেপ্তার করা হোক। আগামী শুক্রবার মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ারে আসবেন সভা করতে ঠিক তার ছত্রিশ ঘন্টা আগেই শুট আউটের ঘটনায় অনেকটাই চাপে পড়েছে পুলিশ। তবে পুলিশ সূত্রে জানা গেছে ঘটনা তদন্ত শুরু হয়েছে।

নিরাপদ ও শান্তিপূর্ণ দুর্গা পূজার লক্ষ্যে সমন্বয় বৈঠক জেলা প্রশাসনের



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ সেপ্টেম্বর : আসন্ন দুর্গাপূজাকে নিরাপদ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে বুধবার আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত হয় এক সমন্বয় বৈঠক। জানা গেছে মূলত আলিপুরদুয়ার এর জেলাশাসক ময়ূরী বসু ও জেলা পুলিশ সুপার অমিত কুমার শা এর উদ্যোগেই এই বৈঠকটি আয়োজিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন জেলার প্রত্যেকটি ব্লকের বিডিও, থানার আই সি, ও সি এবং পূজা কমিটির প্রতিনিধিগণ। পূজার সময় প্যাভেলগুলিতে নিরপত্তা ব্যবস্থা, ভীড় নিয়ন্ত্রণ, যান চলাচল নিয়ন্ত্রণ, জরুরি পরিস্থিতির মোকাবিলা ও পূজা কমিটিগুলির সাথে সমন্বয় সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয় বলে জানা গেছে।

গরমে ক্লান্ত স্বস্তির নিঃশ্বাস ফেলতে জলে ডুবল বাঘিনী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ সেপ্টেম্বর : ভিন্নরাজ্য ভিন্ন বনাঞ্চল নিজেকে প্রকৃতির সঙ্গে খাপ খাইয়ে নিতে শুরু করেছে বিহারের বাল্মিকী টাইগার রিজার্ভ থেকে বক্সা জঙ্গলে আনা বাঘিনী। বক্সা ব্যাঘ্র প্রকল্পের যে স্থানে বাঘিনী রয়েছে সেই স্থানের সঙ্গে পরিচিত হতে শুরু করেছে সে। বনদপ্তর এর ট্র্যাপ ক্যামেরায় উঠে এলো সেই ছবি। বক্সা ব্যাঘ্র প্রকল্পের তরফে যে এনক্লোজারে বাঘিনীকে রাখা হয়েছে সেই এনক্লোজারে তার সুরক্ষার জন্য রয়েছে অসংখ্য ট্র্যাপ ক্যামেরা। এদিন রাতে দেখা গেল বাঘিনীকে একটি জলাশয়ে যেতে। বেশ কিছুটা সময় সেখানে অতিবাহিত করে জল পান করে সে আবার ফিরে যায়। বনদপ্তরের তরফে এই ভিডিও সকলের সামনে আনা হয়েছে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL